



# ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA - 700019

CLASS - I TERM - SECOND SUBJECT - BENGALI WORKSHEET - 21 DATE - 20.11.2020

## Topic - বোধ - পরীক্ষণ

### নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

একটি লোক আর তার বউ এর একটি বিশেষ মুরগী ছিল। মুরগীটা রোজ একটি করে সোনার ডিম পাড়ত। একদিন সেই লোক আর তার বউ ভাবল, মুরগীটার পেট ভর্তি নিশ্চয়ই অনেক সোনার ডিম আছে। তারা ঠিক করল একসঙ্গে সব কটা সোনার ডিম বের করে নেবে। এই ভেবে তারা মুরগীটার পেট কেটে সেটাকে মেরে ফেলল। তারপর, তারা অবাক হয়ে দেখল, অন্য যে কোন মুরগীর মতো, এই মুরগীটার পেটে কোন বেশি ডিম নেই। বোকা লোভীদুটো এইভাবে রাতারাতি বড়লোক হতে গিয়ে নিশ্চিত্তে রোজ যেটা পাচ্ছিল সেটাও হারিয়ে বসল।

১) মানে লেখো।

ক) রোজ - \_\_\_\_\_

২) বাক্য রচনা করো।

ক) লোভ - \_\_\_\_\_ ।

৩) খালি ঘরে লেখো।

ক) একটি লোক আর তার বউ এর একটি বিশেষ \_\_\_\_\_ ছিল।

খ) এই ভেবে তারা মুরগীটার \_\_\_\_\_ কেটে সেটাকে মেরে ফেলল।

৪) ঠিক বা ভুল লেখো।

ক) মুরগীটা রোজ একটি করে সোনার ডিম পাড়ত। \_\_\_\_\_

খ) মুরগীটার পেট ভর্তি সোনার ডিম ছিল। \_\_\_\_\_

৫) উত্তর লেখো।

ক) একদিন লোকটি ও তার বউ কী ভেবেছিল? এই ভেবে তারা কী ঠিক করেছিল?

উঃ \_\_\_\_\_

খ) লোভীদুটো মানুষের শেষে কী হয়েছিল?

উঃ \_\_\_\_\_